

যে দুঃখ দেয় আমরা তাকে ভালোবাসি

যে দুঃখ দেয় আমরা তাকে ভালোবাসি...

যে প্রতারণা

করে আমরা তাকে বিশ্বাস করি...

যে অবহেলা করে আমরা তাকে আমাদের জীবনে সবচেয়ে বেশি গুরুত্ব দেই,,,

আমাদের জীবনে আমরা ভুল মানুষকেই বেশি

প্রশ্রয় দেই...

সবকিছুতেই যেনো আমরা হেরে যাই..

কিন্তু হেরে গিয়েও

আমরা বাস্তবতা শিখে যাই,,,

সত্যি বলতে সবাই ভালোবাসা পাওয়ার যোগ্য নয় সব মানুষ বিশ্বাস ধরে রাখতে জানে না...!

আসলে মিষ্টি হাসি আর মিষ্টি কথায় কখনো মানুষ চেনা যায় না...

আমরা হয়তো একসাথে পথ চলি জীবনের অধিকাংশ সময় হয়তো এই মানুষের সাথেই কাটিয়ে দেই...!

কিন্তু তার মনের খবর আমরা জানতে পারি না,,

অবশ্য

কারো মনের খবর কারো জানার সাধ্য নেই...

আমরা এভাবেই

ভুলে ভুলে গোটা একটা জীবন পার করে দেই...!

একবার

ভেঙে যাবার পর আবার উঠে দাঁড়াই,,,

আবার পথ চলা শুরু করি নতুন কোনো ভুল

মানুষের সাথে...

আসলে এই ভুলে ভুলে একটা সময়ে জীবনের প্রদীপটাও নিভে যাওয়ার সময় হয়ে যায়...

তখন গোটা জীবনের ভুল গুলো চোখে ভাসে,,,

আর একটা দীর্ঘশ্বাসে জীবনের প্রদীপটাও নিভে যায় তবুও

...মানুষ চেনা যায় না।

একটা মানুষকে

সঠিকভাবে চেনা এতটাও সহজ নয়!